



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR



স্মারক নং- বেরোবি/রেজি/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২১/৬১১

তারিখ

২৪ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক. পদের বিবরণ:

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ডাটাএন্ট্রি অপারেটর (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী) ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	১	অনূর্ধ্ব-৩০ বছর	১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি থাকতে হবে। ২. শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩. বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ক ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ কোর্সের সনদ থাকতে হবে। ৪. প্রার্থীকে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২০ (বিশ) টি শব্দ এবং ইংরেজিতে ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপিং এর গতি থাকতে হবে। ৫. MS-Word, MS-Excel ও Internet-এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। ৬. Microsoft Excel-এ ফর্মুলা নিয়ে কাজ জানতে হবে।
২.	ক্লিনার (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী) ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	১	অনূর্ধ্ব-৩০ বছর	১. প্রার্থীকে ৮ম শ্রেণি উত্তীর্ণ সনদধারী হতে হবে।

খ. আবেদনপত্র জমা:

- বিজ্ঞাপিত পদের আবেদনপত্র ডাকযোগে অথবা রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে।
- আবেদনকারীকে ০৩ (তিন) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
- আবেদনকারীকে সাদা কাগজে স্বহস্তে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) আবেদনের শেষ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (ঠ) নিজ জেলা (ড) বিশেষ কোর্স/ডুজ কিনা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ, তারিখ এবং (ণ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ত) টেলি/মোবাইল ফোন নম্বর উল্লেখপূর্বক রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বরাবর আবেদন করতে হবে।
- আবেদনের প্রতি কপির সাথে অবশ্যই (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (খ) সাদা তোলা ২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের অনুলিপি (ঙ) অভিজ্ঞতা ও দক্ষতা সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে। সকল কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয় শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাংকিত সিলসহ) হতে হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/- (সাত) টাকার ডাকটিকিট মুক্ত ১০x৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদন ফরমের সাথে অবশ্যই "রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর"-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে প্রতিটি পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিজিপ্রাণ্ড হতে হবে। পরীক্ষার ফল প্রকাশ না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট তৈরি করে বাছাই বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
- সরকার প্রবর্তিত কোর্টা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা যে কোন একটি শর্ত শিথিল যোগ্য।
- খামের উপর অবশ্যই পদের নাম বাম দিকে স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ক্রটিমুক্ত, অসম্পূর্ণ এক কিলোয়ে প্রাণ্ড আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- উপরে উল্লিখিত এক বা একাধিক শর্তপূরণ না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।
- আবেদনপত্র গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ২৭ এপ্রিল ২০২১, বিকাল ৪.০০টা। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

স্বাক্ষরিত

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অব.)

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

ই-মেল: registrar@brur.ac.bd

৩ কলাম ৬ ইঞ্চি

ফোন : ০৫২১-৫৯৩০৫ ফ্যাক্স : ০৫২১-৫৯৩০১